

বিএসটিডি'র “প্রশিক্ষণ জার্নাল” (ভলিউম ২৬ নং ২) এর প্রকাশনা উৎসব



বাংলাদেশ প্রশিক্ষণ ও উন্নয়ন সমিতি (বিএসটিডি) কর্তৃক প্রকাশিত ষাণ্মাসিক জার্নাল “প্রশিক্ষণ” ভলিউম ২৬ নং ২ (জুলাই-ডিসেম্বর ২০১৮) এর প্রকাশনা উৎসব ০১ এপ্রিল ২০১৯, সোমবার বিএসটিডি'র গবেষণা ও পরীক্ষণ কেন্দ্র (ব্রেকট), বসুন্ধরা আবাসিক এলাকায় অনুষ্ঠিত হয়। জার্নালটির মোড়ক উন্মোচন করেন ড. সা'দত হুসাইন, সভাপতি বিএসটিডি এবং সাবেক মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সরকার। ড. এস আসলাম আলম, সচিব ও রেক্টর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র এ জার্নালের সম্পাদকের দায়িত্ব পালন করেন। এ অনুষ্ঠানে নিবন্ধ রচয়িতারা নিবন্ধের সারসংক্ষেপ উপস্থাপন করেন।

সভাপতি তাঁর বক্তব্যে বলেন যে, এ জার্নালটি বিএসটিডি নিয়মিত ভাবে নির্দিষ্ট সময়ের মধ্যে বছরে দু'বার প্রকাশ করে। এটি একটি রিভিউড (পর্যালোচিত) জার্নাল। পর্যালোচকদের অভিমতের ভিত্তিতে প্রবন্ধসমূহ যাচাই করা হয়। বর্তমান জার্নালটি ৫২তম এবং এ জার্নালে প্রশিক্ষণ ও উন্নয়নের বিভিন্ন বিষয়ে আলোকপাত করা হয়েছে। এ জার্নালটিতে উন্নয়ন বিষয়ক বিভিন্ন শাখা, যথা-ব্যবস্থাপনা, পল্লী উন্নয়ন, স্বাস্থ্য ও অর্থনীতি বিষয়ক নিবন্ধ রয়েছে। জাতীয় পর্যায়ে সক্রিয় গবেষকদের নিবন্ধসমূহ এতে স্থান পেয়েছে। অনুষ্ঠানটি পরিচালনা করেন ব্রেকট এর রিসার্চ কনসাল্টেন্ট বেগম তাহামিন বানু। অনুষ্ঠানে নিবন্ধের রচয়িতাগণ তাঁদের নিবন্ধের সার সংক্ষেপ উপস্থাপন করেন। এ অনুষ্ঠানে বিএসটিডি'র সদস্যবৃন্দ এবং আমন্ত্রিত সুধীবৃন্দ উপস্থিত ছিলেন।